

ফুটবল বিশ্বকাপ

সেলিব্রিটি হওয়ার সহজ উপায়



● মুহাম্মদ রাফিকুজ্জামান সিফাত

সারাদেশ কাঁপছে ফুটবল বিশ্বকাপ জ্বরে। নাপা কিংবা প্যারাসিটামল নয়, এই জ্বর কমবে একদম জুলাইয়ের ১২ তারিখ। প্রায় দীর্ঘ একমাস থাকবে উত্তেজনা। উত্তেজনাকে কাজে লাগিয়ে আপনিও হয়ে উঠতে পারেন সেলিব্রিটি। সহজ পাঁচ উপায়ে ফুটবল বিশ্বকাপ সেলিব্রিটি হওয়ার উপায় প্রকাশ করা হলো। উপায় প্রয়োগ করুন এবং হয়ে উঠুন ফুটবল বিশ্বকাপ সেলিব্রিটি।

**উপায় এক. ফেসবুকে ঘন ঘন স্ট্যাটাস :** নিজেকে একজন দুর্দান্ত ফুটবলপ্রেমী প্রমাণ করতে ফেসবুকের বিকল্প নেই। ফেসবুকই প্রমাণ করবে আপনার ভেতর কতটা ফুটবলপ্রেম টাইটমুর করছে। নিজেকে সেলিব্রিটি প্রমাণ করতে খেলা চলাকালীন ও অচলাকালীন সময়ে স্ট্যাটাস দিয়ে পাবলিক হোম পেজ ভরিয়ে ফেলুন। প্রতি মিনিটে খেলোয়াড়দের ভুল খুঁজে বের করুন এবং গালাগাল দিয়ে স্ট্যাটাস দিন। রেফারিদের ভুল বের করতে পারলে পয়েন্ট বেশি।

**উপায় দুই. এলাকায় সবচেয়ে বড় পতাকা টাঙানো :** বিশ্বকাপ উপলক্ষে অনেকেই পতাকা টাঙাচ্ছে, তাই আপনাকেও টাঙাতে হবে। কথা হচ্ছে কীভাবে আপনি পতাকা টাঙানোয় নিজেকে ব্যতিক্রম প্রমাণ করে অনন্য হয়ে উঠবেন। সহজ, আপনি পতাকা টাঙাবেন সবার পরে। এলাকায় নজর রাখুন কার ছাদের পতাকা কত বড়, সেই হিসাব থেকে আপনি সবার পরে সবচেয়ে বড় পতাকা টাঙিয়ে এলাকায় তাক লাগিয়ে দিন। পতাকা টাঙানোর সম্পূর্ণ কার্যক্রম স্টেপ বাই স্টেপ ছবি তুলে ফেসবুকে আলাদা অ্যালবামে আপলোড করতে ভুলবেন না।

**উপায় তিন. খেলা দেখার স্থান বদল :** বিশ্বকাপ ফুটবল ঘরের কোণে একা বসে দেখায় মহত্ব নেই। বিভিন্ন স্থানে ভাসমান অবস্থায় খেলা দেখায় রয়েছে আলাদা বীরত্ব। তাই এক জায়গায় স্থির না থেকে একেক খেলা একেক স্থানে দেখুন। অতি অবশ্যই যে স্থানে খেলা দেখছেন ফেসবুকে চেক-ইন দিয়ে তা সবাইকে জানিয়ে দেবেন। প্রথম অর্ধ ও দ্বিতীয় অর্ধে ওই স্থানের দু-তিনখানা সেলফি আপলোড দিতে পারলে অতিরিক্ত পয়েন্ট যুক্ত হবে।

**উপায় চার. আপনজনকে বিশ্বকাপে যুক্ত :** কেবল বাইরে ফুটানি দেয়াকে আজকাল তেমন ভালো চোখে দেয়া হয় না। বাইরের সঙ্গে সঙ্গে ফ্যামিলিকে বিশ্বকাপ জ্বরে আক্রান্ত করে দিতে পারলে কেতলাফতে। তাই আপনার পরিবারের বাবা-মা, ভাই-বোন, ভাগ্নে-ভাগ্নি যারাই আছেন সবাইকে বিশ্বকাপ উন্মাদনায় যুক্ত করুন। কেউ আগ্রহী না থাকলে অন্তত একদিনের জন্য হাতে-পায়ে ধরে হলেও প্রিয় দলের জার্সি পরিয়ে একটি গ্রুপ ফটো সংগ্রহ করুন। প্রেমিকা থাকলে তাকে নিয়েও জার্সি গায়ে ভি সাইন যুক্ত ছবি তুলুন এবং প্রচার করুন। সেলিব্রিটি হতে চাইলে বিষয়টি জরুরি।

**উপায় পাঁচ. নিজেকে উন্মাদ প্রকাশ :** প্রিয় দল নিয়ে উন্মাদনাকে বাড়াবাড়ি পর্যায়ে উন্নীত করুন। দল হেরে গেলে সারাদিন ঘরের দরজা লাগিয়ে বালিশ চাপা দিয়ে কাঁদুন। দল জয়ী হলে এলাকাব্যাপী দৌড়ান। দৌড়ানোর সময় পায়ে জুতা রাখা যাবে না। উন্মাদ মানুষ জুতার পরোয়া করে না। আরো ভালো হয় এই কাণ্ডগুলো কোনো ক্রোজ ছোট ভাইকে দিয়ে ভিডিও করিয়ে রাখুন। পরে সুযোগমতো ফেসবুকে আপলোড করে দেবেন। ব্যস, এই কাজগুলো করতে পারলে আপনার ফুটবল বিশ্বকাপ সেলিব্রিটি হওয়া সুনিশ্চিত।

রসময়

শিক্ষক : 'পানির ফর্মুলা বল'

পাণ্ডু : 'H<sub>2</sub>O+MgCl<sub>2</sub>+CaSO<sub>4</sub>+AlCl<sub>3</sub>+NaOH+KOH+HNO<sub>3</sub>+HCL+CO<sub>2</sub>.'

শিক্ষক : 'এটা ভুল উত্তর'

পাণ্ডু : 'এটা ওয়াসার পানি ম্যাডাম'



গত সংখ্যার উত্তর

বিশ্বকাপ আছে, বিশ্ব পিরিচ নেই কেন?

- এই কাপে কেউ চা খায় না তাই, ইবনে হাবীব। রংপুর
- পিরিচ (সসার) এলিয়েন নিয়ে আসতে ভিনগ্রহে গেছে। লাকি, ঢাকা
- পিরিচ আছে, তবে কাপের তুলনায় ছোট বলে দেখা যায় না। সুরভী, ময়মনসিংহ

বিভিন্ন ইবনে হাবীবের অভিনন্দন। আপনার ঠিকানায় উপহার পৌছে যাবে

প্রশ্ন উত্তর



newarticle2000@gmail.com